# বিশ্বের বিশেষ অঞ্চল পরিচিতি

## Horn of Africa বা আফ্রিকার শিং

'হর্ন অব আফ্রিকা' বা 'আফ্রিকার শিং' অঞ্চলটি ইরিত্রিয়া, ইথিওপিয়া, সোমালিয়া ও জিবুতি নিয়ে গঠিত। অঞ্চলটি উত্তর-পূর্ব দিকে শিংয়ের আকারে আরব সাগরে প্রসারিত হয়েছে বলে এরকম নামকরণ করা হয়েছে। সাধারণত সোমালিয়াকে **'হর্ন অব আফ্রিকা' বলা হয়।**

### আফ্রিকার শিং ৪ টি দেশ

| | |
|---|---|
| ◆ জিবুতি | ◆ ইথিওপিয়া |
| ◆ সোমালিয়া | ◆ ইরিত্রিয়া |





**পৃথিবীর বাহির থেকে ইরিত্রিয়া, ইথিওপিয়া, সোমালিয়া ও জিবুতি এই ৪টি দেশকে শিংয়ের মতো দেখা যায়। আফ্রিকার শিং অঞ্চলটি প্রায় ২০ লক্ষ বর্গকিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত।**

## আফ্রিকার দ্বীপ রাষ্ট্র

আটলান্টিক মহাসাগরে সেন্ট হেলেনা ও সেন্ট রোবেনসহ আফ্রিকার অনেক দ্বীপ রয়েছে। কিন্তু আফ্রিকার দ্বীপ রাষ্ট্র ৬ টি। ৪ টি ভারত মহাসাগরে এবং বাকি দুইটি দক্ষিণ আটলান্টিক ও উত্তর আটলান্টিক মহাসাগরে।

### আফ্রিকার ৬ টি দ্বীপ রাষ্ট্র

| | |
|---|---|
| ◆ **মরিশাস-** ভারত মহাসাগর | ◆ **সিচেলিস-** ভারত মহাসাগর |
| ◆ **মাদাগাস্কার-** ভারত মহাসাগর | ◆ **কেপ ভার্দে-** উত্তর আটলান্টিক |
| ◆ **কমোরুস-** ভারত মহাসাগর | ◆ **সাওটোমে ও প্রিন্সিপে-** দক্ষিণ আটলান্টিক |




**আফ্রিকার উত্তরে ভূ-মধ্যসাগর, পূর্বে ভারত মহাসাগর, পশ্চিমে আটলান্টিক মহাসাগর। আফ্রিকার দ্বীপ রাষ্ট্র ৬ টির মধ্যে পূর্বে ৪ টি ও পশ্চিমে ২ টি।**



Scanned with CamScanner

**Seven Sisters**

ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় ৭টি রাজ্যকে একত্রে সেভেন সিস্টার্স বলে। সংক্ষিপ্ত রূপে 'আমিত্রিঅমেনাম'।

১. আ- আসাম
২. মি- মিজোরাম
৩. ত্রি- ত্রিপুরা
৪. অ- অরুনাচল
৫. মে- মেঘালয়
৬. না- নাগাল্যান্ড
৭. ম- মনিপুর





বাংলাদেশের সীমান্তের সাথে সেভেন সিস্টার্সের ৪ টি রাজ্যের সীমান্ত রয়েছে

**নর্ডিক অঞ্চলের দেশসমূহ**

নর্ডিক অঞ্চলের দেশ ৫ টি। সংক্ষিপ্ত রূপে 'ফিডে আসুন'।

১. ফি- ফিনল্যান্ড
২. ডে- ডেনমার্ক
৩. আ- আইসল্যান্ড
৪. সু- সুইডেন
৫. ন- নরওয়ে





ইউরোপের উত্তরে শীত প্রধান নর্ডিক ৫ টি দেশ

**ইন্দোচীন বলয়ের দেশ**

ইন্দোচীন বলয়ের দেশ ৩ টি। দেশগুলো এক সময় ফ্রান্সের অধীনে ছিল। সংক্ষিপ্ত রূপে 'লাকভি' বলা যায়।

- লাওস
- কম্বোডিয়া
- ভিয়েতনাম।




আকৃতিতে চীনের হতে ছোট তুলনা করে ৩ টি দেশকে একসাথে ইন্দোচীন অর্থাৎ ক্ষুদ্রচীন বলা হয়।




Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| সাবেক যুগোশ্লোভিয়া | ১৯৯২ সালে যুগোশ্লোভিয়া ভেঙ্গে যায়। বর্তমানে সাবেক যুগোশ্লোভিয়া হতে ৭ টি রাষ্ট্রের জন্ম হয়েছে। | |
| | ◆ সার্বিয়া<br>◆ উ. মেসিডোনিয়া<br>◆ শ্লোভেনিয়া<br>◆ ক্রোয়েশিয়া<br>◆ বসনিয়া-হার্জেগোভিনিয়া<br>◆ মন্টিনিগ্রো<br>◆ কসোভো | <br>যুগোশ্লোভিয়া ভেঙ্গে বর্তমানে ৭ টি দেশ |

| | | |
|---|---|---|
| সাবেক চেকোশ্লোভাকিয়া | ১৯৯৩ সালের ১ জানুয়ারি শান্তিপূর্ণভাবে চেকোশ্লোভাকিয়া ভেঙ্গে দুটি রাষ্ট্রের জন্ম হয়। | |
| | ◆ চেক প্রজাতন্ত্র<br>◆ শ্লোভাকিয়া |  |


| | | | |
|---|---|---|---|
| সাবেক সোভিয়েত ইউনিয়ন | ১৯৯১ সালের ডিসেম্বর মাসের শেষের দিকে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫ টি স্বাধীন রাষ্ট্র গঠিত হয়। | | |
| | ◆ রাশিয়া<br>◆ ইউক্রেন<br>◆ এস্তোনিয়া<br>◆ লাটভিয়া<br>◆ লিথুনিয়া | ◆ কাজাখস্তান<br>◆ তাজিকিস্তান<br>◆ কিরগিজস্তান<br>◆ উজবেকিস্তান<br>◆ তুর্কমেনিস্তান | ◆ বেলারুশ<br>◆ মলদোভা<br>◆ জর্জিয়া<br>◆ আর্মেনিয়া<br>◆ আজারবাইজান |




১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যে ১৫ টি রাষ্ট্র হয় তার মধ্যে এস্তোনিয়া, লাটভিয়া ও লিথুনিয়া বাদে বাকি ১২ টি রাষ্ট্র ছিল ব্রিটেনের উপনিবেশ।



Scanned with CamScanner

<table>
<tr><td rowspan="2">গোল্ডেন ট্রায়াঙ্গেল</td><td colspan="2">দক্ষিণ-পূর্ব এশিয়ার তিনটি দেশ যারা মাদক উৎপাদনের জন্য বিখ্যাত। সংক্ষিপ্ত রূপে 'মাথালা' বলা হয়।</td></tr>
<tr><td>◆ মা- মায়ানমার<br>◆ থা- থাইল্যান্ড<br>◆ লা- লাওস।</td><td><br><br>তিনটি দেশের অবস্থান আকৃতিতে ত্রিভূজের মতো হয় বলে এদেরকে একত্রে গোল্ডেন ট্রায়াঙ্গেল বলা হয়</td></tr>
<tr><td rowspan="2">গোল্ডেন ক্রিসেন্ট</td><td colspan="2">এশিয়ার মাদক উৎপাদনকারী ৩ টি দেশ।</td></tr>
<tr><td>◆ পাকিস্তান<br>◆ আফগানিস্তান<br>◆ ইরান</td><td><br><br>ক্রিসেন্ট (Crescent) মানে অর্ধচন্দ্রাকৃতি। এই ৩ টি দেশ একসাথে আকৃতিতে একটি অর্ধচন্দ্রের ন্যায় দেখায় বলে আফিম উৎপাদনকারী এই ৩ টি দেশকে একসাথে গোল্ডেন ক্রিসেন্ট বলা হয়।</td></tr>
<tr><td rowspan="2">গোল্ডেন ওয়েজ</td><td colspan="2">মাদক পাচার ও চোরাচালানের জন্য দক্ষিণ এশিয়ার ৩ টি দেশ নিয়ে চোরাচালান রুট।</td></tr>
<tr><td>◆ বাংলাদেশ<br>◆ ভারত<br>◆ নেপাল</td><td><br><br>মাদক চোরাচালানের জন্য বাংলাদেশ, ভারত ও নেপালের চোরাচালান রুট</td></tr>
<tr><td>গোল্ডেন ভিলেজ</td><td colspan="2">বাংলাদেশের কুষ্টিয়া জেলার ২৬ টি গ্রাম, যে সকল গ্রামে প্রচুর পরিমাণে গাঁজা, ভাং ও অন্যান্য মাদক উৎপন্ন হয়। একত্রে এই ২৬ টি গ্রামকে গোল্ডেন ভিলেজ বলা হয়।</td></tr>
</table>



Scanned with CamScanner

| | |
|---|---|
| খন্ডিত দ্বীপ রাষ্ট্র | হোক্কাইডো, হনসু, কিউশু ও শিকুকো এই ৪ টি প্রধান দ্বীপ নিয়ে গঠিত জাপান। সুমাত্রা, জাভা, সুলায়েসি, কালিমান্তান, বালি, ইরিয়ান জায়াসহ বেশকিছু খণ্ডিত দ্বীপের সমন্বয়ে গঠিত ইন্দোনেশিয়া। তাই জাপান ও ইন্দোনেশিয়াকে খণ্ডিত দ্বীপরাষ্ট্র বলা হয়। |
| | ◆ জাপান<br>◆ ইন্দোনেশিয়া |



ইন্দোনেশিয়া




জাপান

| | |
|---|---|
| ছিদ্রায়িত রাষ্ট্র | পৃথিবীর স্বাধীন ২ টি দেশের ভিতরে অন্যান্য দেশ থাকায় এই ২ টি দেশকে ছিদ্রায়িত রাষ্ট্র বলা হয়। |
| | ◆ ইতালি<br>◆ দ. আফ্রিকা |




স্বাধীন দেশ দক্ষিণ আফ্রিকার ভেতরে আরেকটি স্বাধীন দেশ লেসেথো




ইতালির ভেতরে অবস্থিত স্যান মেরিনো ও ভ্যাটিকান সিটি

| | |
|---|---|
| বাল্টিক রাষ্ট্র | বাল্টিক সাগরের পাশে ৩ টি দেশ। |
| | ◆ লিথুনিয়া<br>◆ লাটভিয়া<br>◆ এস্তোনিয়া |





বাল্টিক সাগর তীরবর্তী ৩ টি দেশ একত্রে বাল্টিক রাষ্ট্র নামে পরিচিত



Scanned with CamScanner

| | |
|---|---|
| **Three Tiger's** | দ্বিতীয় বিশ্বযুদ্ধে অক্ষ শক্তির ৩ টি দেশকে একত্রে Three Tiger's বলা হয়।<br>♦ জাপান<br>♦ জার্মানি<br>♦ ইতালি |

| | | |
|---|---|---|
| **Four Tiger's/এশিয়ান টাইগারস** | এশিয়ায় অর্থনৈতিতে সমৃদ্ধ ৪ টি দেশকে একসাথে Four Tiger's বলা হয়। এদেরকে ড্রাগন অর্থনীতির দেশও বলা হয়। | |
| | ✷ সিতাদহ<br>♦ সিঙ্গাপুর<br>♦ তাইওয়ান<br>♦ দ. কোরিয়া<br>♦ হংকং |  |



| | | |
|---|---|---|
| **Super Seven** | এশিয়ার ৭ টি দেশকে একসাথে সুপার সেভেন বলা হয়। [Four Tiger's + থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া] | |
| | ✷ সিতাদহ থামাই<br>♦ সিঙ্গাপুর<br>♦ তাইওয়ান<br>♦ দক্ষিণ কোরিয়া<br>♦ হংকং | ♦ থাইল্যান্ড<br>♦ মালয়েশিয়া<br>♦ ইন্দোনেশিয়া |

| | | |
|---|---|---|
| **East Asian Miracle** | [Super Seven + জাপান] | |
| | ♦ সিঙ্গাপুর<br>♦ দক্ষিণ কোরিয়া<br>♦ তাইওয়ান<br>♦ হংকং | ♦ ইন্দোনেশিয়া<br>♦ মালয়েশিয়া<br>♦ থাইল্যান্ড<br>♦ জাপান |



Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| বলকান রাষ্ট্র | বলকান একটি তুর্কি শব্দ। এর অর্থ 'এক সারি পর্বত'। বলকান পর্বতের পাদদেশে অবস্থিত দক্ষিণ-পূর্ব ইউরোপের দেশসমূহ 'বলকান রাষ্ট্র' নামে পরিচিত। ১৯৯২ সালে যুগোশ্লোভিয়া ভেঙ্গে যে ৭ টি দেশ হয়েছে তার সবকয়টি বলকান অঞ্চলের দেশ। | |
| | ◆ সার্বিয়া<br>◆ মেসিডোনিয়া<br>◆ আলবেনিয়া<br>◆ গ্রিস<br>◆ বুলগেরিয়া<br>◆ রোমানিয়া | ◆ বসনিয়া-হার্জেগোভিনিয়া<br>◆ স্লোভেনিয়া<br>◆ ক্রোয়েশিয়া<br>◆ কসোভো<br>◆ মন্টিনিগ্রো |
| পারস্য উপসাগরীয় রাষ্ট্র | পারস্য উপসাগরীয় দেশ বলতে মূলত পারস্য উপসাগরের উপকূলবর্তী ৮টি দেশকে বুঝায়। | |
| | ◆ সৌদি আরব<br>◆ ইরাক<br>◆ ইরান<br>◆ সংযুক্ত আরব আমিরাত | ◆ ওমান<br>◆ বাহরাইন<br>◆ কাতার<br>◆ কুয়েত |
| ককেশাস অঞ্চল | কৃষ্ণ সাগর ও ক্যাস্পিয়ান সাগরের মাঝে এশিয়া ও ইউরোপের সীমান্তবর্তী একটি অঞ্চল। ভৌগোলিকভাবে অঞ্চলটির বড় অংশ ইউরোপে অবস্থিত। | |
| | ককেশাস অঞ্চলের ৩টি দেশ<br>◆ আর্মেনিয়া<br>◆ আজারবাইজান<br>◆ জর্জিয়া | ককেশাস অঞ্চলের স্থলবেষ্টিত ২ দেশ-<br>◆ আর্মেনিয়া<br>◆ আজারবাইজান |

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. **কোনটি পারস্য উপসাগরীয় রাষ্ট্র?** (DU ঘ' ২০-২১)
ক) সৌদি আরব খ) তুরস্ক গ) জর্দান ঘ) ইসরায়েল

২. **কোন দেশটি স্ক্যান্ডিনেভিয়ার অন্তর্ভুক্ত নয়?** (DU খ' ০৩-০৪; ঘ' ৯৮-৯৯; 27 BCS)
ক) ডেনমার্ক খ) ফিনল্যান্ড গ) নেদারল্যান্ডস ঘ) সুইডেন

৩. **ড্রাগন অর্থনীতিসমূহে নিম্নের কোন দেশগুলো অন্তর্ভুক্ত?** (DU ঘ' ০৭-০৮)
ক) দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও সিঙ্গাপুর
খ) দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, চীন ও থাইল্যান্ড
গ) দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও মালয়েশিয়া
ঘ) দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও চীন

**উত্তরমালা:** | ১. ক | ২. গ | ৩. ক |



Scanned with CamScanner

## বি সি এস

৪. জিবুতি দেশটি কোথায় অবস্থিত? (43 BCS)
ক) এডেন উপসাগরের পাশে
খ) প্রশান্ত মহাসাগরে
গ) দক্ষিণ আমেরিকায়
ঘ) দক্ষিণ চীন সাগরে

৫. কোনটি ভারতের সেভেন সিস্টার্স রাজ্য সমূহের অন্তর্ভুক্ত নয়? (26 BCS)
ক) কেরালা
খ) ত্রিপুরা
গ) মনিপুর
ঘ) মিজোরাম

৬. পপি উৎপাদনের ক্ষেত্রে কোন দেশগুলোকে গোল্ডেন ট্রায়াঙ্গেল বলা হয়? (14 BCS)
ক) মায়ানমার-থাইল্যান্ড-চীন
খ) মায়ানমার-থাইল্যান্ড-কম্বোডিয়া
গ) মায়ানমার-থাইল্যান্ড-লাওস
ঘ) ইরান-আফগানিস্তান-পাকিস্তান

## অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৭. মাদক উৎপাদন এবং চোরাচালানের জন্য বিখ্যাত গোল্ডেন ট্রায়াঙ্গল- (পিএসসি সহকারী পরিচালক, ৯৮)
ক) মায়ানমার, লাওস ও থাইল্যান্ড সীমান্ত অঞ্চল
খ) পাকিস্তান, আফগানিস্তান ও ইরান সীমান্ত অঞ্চল
গ) বাংলাদেশ, ভারত ও নেপাল সীমান্ত অঞ্চল
ঘ) উপরের কোনটিই নয়

৮. আফগানিস্তান, পাকিস্তান ও ইরানের মধ্যে অবস্থিত আফিম উৎপাদনকারী অঞ্চলকে বলে- (চবি-ছ, ০৮-০৯)
ক) গোল্ডেন ট্রায়াঙ্গল
খ) গোল্ডেন ওয়েজ
গ) গোল্ডেন ক্রিসেন্ট
ঘ) গোল্ডেন এরেনা

৯. পৃথিবীর বৃহত্তম আফিম উৎপাদক দেশ হিসেবে কোন দেশগুলোকে 'গোল্ডেন ক্রিসেন্ট' বলা হয়? (জবি ঘ' ১৩-১৪)
ক) মায়ানমার, লাওস ও থাইল্যান্ড
খ) আফগানিস্তান, ইরান ও ইরাক
গ) আফগানিস্তান, পাকিস্তান ও ইরান
ঘ) মায়ানমার, মালয়েশিয়া ও থাইল্যান্ড

১০. কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটস (CIS) কোন সালে গঠিত হয়? (প্রা বি সহকারী শিক্ষক-০৪)
ক) ১৯৮৯
খ) ১৯৯০
গ) ১৯৯১
ঘ) ১৯৯২

১১. বলকান রাষ্ট্র নিম্নের কোনটি? (স্বাস্থ্য সহকারী-১০)
ক) ক্রোয়েশিয়া
খ) লাটভিয়া
গ) পর্তুগাল
ঘ) হাঙ্গেরি

১২. ককেশাস অঞ্চলটি অবস্থিত- (জাতীয় বি-০৮-০৯)
ক) এশিয়া মহাদেশে
খ) আফ্রিকা মহাদেশে
গ) উত্তর আমেরিকায়
ঘ) ইউরোপ

১৩. নিচের কোন দেশ 'এশিয়ান টাইগার' নয়? (BRDB Assistant Officer-06)
ক) হংকং
খ) তাইওয়ান
গ) সিঙ্গাপুর
ঘ) ভারত

১৪. মাদকদ্রব্য উৎপাদন ও চোরাচালানের জন্য ল্যাটিন আমেরিকার সবচেয়ে আলোচিত দেশ কোনটি? (সহকারী আবহাওয়াবিদ-০৭)
ক) নিকারাগুয়া
খ) কলম্বিয়া
গ) মেক্সিকো
ঘ) হন্ডুরাস

১৫. কোনটি মধ্যপ্রাচ্যের দেশ নয়? (রাবি-দর্শন, ০৭-০৮, ইসলামী ইতিহাস, ০৫-০৬)
ক) ইরান
খ) কাতার
গ) ইয়েমেন
ঘ) কাজাখস্তান

১৬. ইস্ট এশিয়ান মিরাক্কেল বলতে কয়টি দেশকে বোঝায়? (জবি খ' ১৪-১৫)
ক) ৭টি
খ) ৬টি
গ) ৫টি
ঘ) ৮টি

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪. ক | ৫. ক | ৬. গ | ৭. ক | ৮. গ | ৯. গ | ১০. গ | ১১. ক |
| ১২. ঘ | ১৩. ঘ | ১৪. খ | ১৫. ঘ | ১৬. ঘ | | | |



Scanned with CamScanner

## চেচনিয়া সমস্যা

**চেচনিয়া উত্তর ককেশাস অঞ্চলের মুসলিম অধ্যুষিত একটি রুশ প্রজাতন্ত্র।** ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যাওয়ার পর অঞ্চলটি স্বাধীনতা ঘোষণা করে গণভোটের আয়োজন করে। গণভোটে চেচনিয়রা স্বাধীনতার পক্ষে অধিকাংশ জনগণ ভোট প্রদান করলেও তৎকালীন রুশ প্রেসিডেন্ট বরিস ইয়েলেৎসিন স্বাধীনতা মেনে নেননি। এরই প্রেক্ষিতে শুরু হয় চেচেন যুদ্ধ।

**২টি চেচেন যুদ্ধ**

**প্রথম চেচেন যুদ্ধ**

১৯৯৪-১৯৯৬ সালের প্রথম চেচেন যুদ্ধের পর চেচনিয়া অঞ্চলটি প্রায় স্বাধীন হয়ে পড়ে।

**দ্বিতীয় চেচেন যুদ্ধ**

১৯৯৯-২০০০ সালের দ্বিতীয় চেচেন যুদ্ধের পর রাশিয়া চেচনিয়া অঞ্চলে কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠায় সক্ষম হয়।

**নোট:** ২০০৯ সালে চেচেন নেতা আহমদ জাবায়েভ যুদ্ধ বিরতির ঘোষণা দিলে দ্বিতীয় চেচেন যুদ্ধের সমাপ্তি ঘটে। প্রায় চারশত বছর ধরে চেচনিয়দের স্বাধীনতার দাবিকে দমিয়ে রাখছে রাশিয়া।


## রাশিয়ার ক্রিমিয়া দখল

১৯৫৪ সালে ক্রিমিয়া উপদ্বীপ সোভিয়েত প্রজাতন্ত্র ইউক্রেনের অধিভুক্ত হয়। ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়নের পতনের পর ক্রিমিয়া উপদ্বীপটি ইউক্রেনের অংশ হিসেবে স্বীকৃতি পায়। ২০১৪ সালে ক্রিমিয়া ইউক্রেনের সাথে থাকবে না রাশিয়ার সাথে যুক্ত হবে- এই প্রশ্নে এক গণভোট অনুষ্ঠিত হয়। ভোটে ক্রিমিয়ার ৯৭ ভাগ জনগণ রাশিয়ার পক্ষে রায় দেয়। **রাশিয়া এই রায়ের প্রেক্ষিতে ২০১৪ সালেই ক্রিমিয়া দখল করে।**




## বিতর্কিত নাগার্নো-কারাবাখ অঞ্চল

**নাগার্নো-কারাবাখ দক্ষিণ ককেশাসের একটি স্থলবেষ্টিত অঞ্চল।** এটি আন্তর্জাতিকভাবে আজারবাইজানের অংশ হিসেবে স্বীকৃত। কার্যত এটি একটি স্বাধীন রাষ্ট্র। নাগার্নো-কারাবাখ অঞ্চলে বসবাসরত অধিকাংশ মানুষ জাতিতে আর্মেনীয়, যারা আজারবাইজানের কর্তৃত্ব শিকার করে না। ২০২০ সালে অঞ্চলটির নিয়ন্ত্রণ নিয়ে আজারবাইজান ও আর্মেনিয়া সংঘর্ষে জড়িয়ে পড়লে ৯ নভেম্বর, ২০২০ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যস্থতায় যুদ্ধবিরতি চুক্তি স্বাক্ষরিত হয়।







Scanned with CamScanner

## রোহিঙ্গা সমস্যা

বর্তমান বিশ্বের আলোচিত ও ভাগ্যবিড়ম্বিত একটি অত্যাচারিত মুসলিম জাতিগোষ্ঠি রোহিঙ্গা। রোহিঙ্গা জাতিগোষ্ঠীর বসবাস মিয়ানমারের রাখাইন (পূর্বনাম- আরাকান) রাজ্যে। রোহিঙ্গা জাতিগোষ্ঠীর অধিকাংশই মুসলিম। মিয়ানমারের মূল-ভূখন্ডে এরা 'কালা' নামে পরিচিত। রাখাইন রাজ্যের সাথে বাংলাদেশের কক্সবাজার জেলার সীমান্ত রয়েছে এবং নাফ নদী দ্বারা বিভক্ত হয়েছে।




### উল্লেখযোগ্য ঘটনাবলি

| সাল | বিশেষ তথ্য |
|---|---|
| ১৯৭৮ | মিয়ানমার থেকে রোহিঙ্গাদের **বাংলাদেশে প্রথম আগমন** ঘটে। |
| ১৯৮২ | মিয়ানমার সরকার রোহিঙ্গাদের নাগরিকত্ব হরণ করে। |
| ২০১৩ | রোহিঙ্গাদের উপর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ উঠলে মিয়ানমারের বিশেষায়িত সীমান্তরক্ষী বাহিনী 'নাসাকা'-কে বিলুপ্ত করা হয়। |
| ২০১৭ | **'অপারেশন এথনিক ক্লিন্সিং'** নামে রোহিঙ্গাদের উপর মিয়ানমার সেনাবাহিনী রক্তাক্ত অভিযান শুরু করলে লক্ষ লক্ষ রোহিঙ্গা বাংলাদেশে পালিয়ে আসতে বাধ্য হয়। |
| ২০১৯ | ১১ নভেম্বর মিয়ানমারের বিরুদ্ধে গণহত্যার অভিযোগ এনে আন্তর্জাতিক বিচার আদালতে (ICJ) মামলা করে পশ্চিম আফ্রিকার দেশ গাম্বিয়া। |
| ২০২০ | ৪ ডিসেম্বর বাংলাদেশ সরকার বাস্তুচ্যুত রোহিঙ্গাদের কক্সবাজারের উখিয়া থেকে নোয়াখালীর ভাসানচরে স্থানান্তর করে। |
| ২০২২ | মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর সহিংসতাকে গণহত্যার স্বীকৃতি দেয় যুক্তরাষ্ট্র। |

### BMJWG

- **BMJWG-** Bangladesh Myanmar Joint Working Group.
- **পরিচয়-** প্রত্যাবাসন দ্রুত বাস্তবায়নে বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে যৌথ কমিটি।
- **গঠিত হয়-** ১৯ ডিসেম্বর, ২০১৭।

### বিবিধ তথ্য

- **চীন ও ভূটানের মধ্যে বিরোধ রয়েছে-** ডোকলাম উপত্যকা নিয়ে।
- **ডোকলাম ত্রিমুখী সীমান্ত সংযুক্ত করেছে-** চীন, ভূটান ও ভারতকে।
- **'ওয়াগা' হলো-** ভারত-পাকিস্তানের মধ্যে বিরোধপূর্ণ সীমান্ত।
- **'সিয়াচেন হিমবাহ'-** কাশ্মীরে অবস্থিত ভারত-পাকিস্তানের মাঝে উচ্চত যুদ্ধক্ষেত্র।
- **ভারত ও নেপালের মধ্যে সীমান্ত বিরোধের কেন্দ্রে রয়েছে-** ৩টি স্থান।
  - কালাপানি
  - লিপুলেখ
  - লিমপিয়াধুরা



Scanned with CamScanner

# বৈশ্বিক কেলেঙ্কারি

## ইরান-কন্ট্রা কেলেঙ্কারি

১৯৮৫ সালের ইরান-কন্ট্রা কেলেঙ্কারির সাথে জড়িত রাষ্ট্র ইরান-যুক্তরাষ্ট্র এবং মার্কিন **প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান**। রোনাল্ড রিগ্যানের বিপক্ষে অভিযোগ ছিল তিনি ইরানের কাছে মার্কিন অস্ত্র বিক্রয় করে তার অর্থ নিকারাগুয়ার সরকার বিদ্রোহী কন্ট্রাদের প্রদান করে। যার ফলে অনেক মার্কিন কর্মকর্তা পদত্যাগ করে এবং অন্যদিকে গোপনে ইরানে জিম্মি মার্কিন নাগরিকদের মুক্ত করে।

## বোফোর্স কেলেঙ্কারি

বোফোর্স হলো সুইডেনের একটি অস্ত্র নির্মাণকারী প্রতিষ্ঠান। সুইডেনের অস্ত্র নির্মাণ প্রতিষ্ঠানের সাথে চুক্তি ও মোটা অঙ্কের ঘুষ প্রদানের অভিযোগ ওঠে তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী ও কংগ্রেসের দিকে।

## ওয়াটারগেট কেলেঙ্কারি

ওয়াটারগেট হলো যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনের **পোটোম্যাক নদীর তীরে** অবস্থিত **একটি হোটেলের নাম**। ওয়াটারগেটে ডেমোক্র্যাট ন্যাশনাল কমিটির কার্যালয় ছিল। ১৯৭২ সালে যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনের সময় ক্ষমতাসীন রিপাবলিকান পার্টির লোকজন গোপনে ডেমোক্রেটিক পার্টির ওয়াটারগেট অফিসে আড়িপাতার জন্য ইলেকট্রনিক যন্ত্র স্থাপন করে এবং ডেমোক্রেটিক পার্টির গোপন নথিপত্র সরিয়ে ফেলে। এই কাজের মূল হোতা ছিলেন যুক্তরাষ্ট্রের তৎকালীন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন। গণমাধ্যমে এই কেলেঙ্কারি প্রথম ফাঁস করে দেন ওয়াশিংটন পোস্টের সাংবাদিক কার্ল বার্নস্টেইন। এই ঘটনাটিই 'ওয়াটার গেট কেলেঙ্কারী' নামে পরিচিত।

## প্যারাডাইস পেপারস কেলেঙ্কারি

প্যারাডাইস পেপারস বিশ্বের ২৫ হাজারেরও বেশি প্রতিষ্ঠানের অর্থনৈতিক লেনদেন ও মালিকানা সংক্রান্ত বিস্তারিত তথ্যভাণ্ডার বা ডাটাবেস। প্রতিষ্ঠানগুলোর মালিক পৃথিবীর ১৮০টি দেশের রাজনীতিবিদ, তারকা ও বিত্তশালীরা। গোপন নথির সমন্বয়ে গঠিত এই ডাটাবেস এই বিশাল ডাটাবেস ফাঁসকে 'প্যারাডাইস পেপারস কেলেঙ্কারি' বলে।

## পানামা পেপার্স কেলেঙ্কারি

২০১৬ সালের ৩ এপ্রিল বিশ্বের আলোচিত পানামা পেপার্স কেলেঙ্কারি প্রকাশিত হয়। মোসাক ফনসেকা নামে পানামার আইন পরামর্শক প্রতিষ্ঠান থেকে জার্মান দৈনিক পত্রিকা সুইডয়চে সাইটং এটি প্রকাশ করে। পানামা পেপার্স কেলেঙ্কারির সাথে জড়িত ছিল বিশ্বের অনেক দেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও গুরুত্বপূর্ণ ব্যক্তি। পানামা পেপার্স কেলেঙ্কারির সাথে জড়িত থাকার কারণে পাকিস্তানের প্রধানমন্ত্রী নওয়াজ শরীফকে সে দেশের সুপ্রীম কোর্ট অযোগ্য ঘোষণা করে।



Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

০১. রাশিয়ার কোন অংশে চেচনিয়া অবস্থিত- (DU ঘ'-০৫-০৬)
ক) সাইবেরিয়া খ) তাতারিস্তানে গ) কাস্পিয়ানে ঘ) ককেশাসে

০২. আর্মেনিয়া ও আজারবাইজান যে ভূখণ্ড নিয়ে সংঘর্ষে লিপ্ত- (DU ঘ'-৯৫-৯৬)
ক) দাগেস্তান খ) নাগার্নো-কারাবাখ গ) ফ্রুনজে ঘ) ইয়ালটা

### বি সি এস

০৩. কোন সালে রাশিয়া ক্রিমিয়া দখল করে- (44 BCS)
ক) ২০১০ খ) ২০১২ গ) ২০১৪ ঘ) ২০১৬

০৪. 'কালাপানি' কোন দুই রাষ্ট্রের মধ্যে অমীমাংসিত ভূখণ্ড? (37 BCS)
ক) ভারত ও নেপাল খ) পাকিস্তান ও চীন
গ) ভুটান ও ভারত ঘ) বাংলাদেশ ও ভারত

০৫. মিয়ানমারে রোহিঙ্গারা তাদের নাগরিকত্ব হারায়- (38 BCS)
ক) ১৯৬২ সনে খ) ১৯৬৮ সনে গ) ১৯৭৮ সনে ঘ) ১৯৮২ সনে

০৬. 'লাইন অব কন্ট্রোল' কোন দুটি দেশের সীমান্তবর্তী রেখা? (24 BCS)
ক) ইসরাইল ও জর্ডান খ) চীন ও তাইওয়ান
গ) দক্ষিণ কোরিয়া ও উত্তর কোরিয়া ঘ) ভারত ও পাকিস্তান

০৭. নাগার্নো-কারাবাখ কোন দুটি দেশের করিডোর- (24 BCS)
ক) আজারবাইজান-আর্মেনিয়া খ) আর্মেনিয়া-লাটভিয়া
গ) কাজাখস্তান-আজারবাইজান ঘ) রাশিয়া-আর্মেনিয়া

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

০৮. রোহিঙ্গাদের আদি বাসভূমির নাম কোনটি? (জাবি: ১৩-১৪)
ক) থাইল্যান্ড খ) আরাকান গ) ত্রিপুরা ঘ) আফগানিস্তান

০৯. 'কালাপানি' একটি- (খুবি ১৭-১৮)
ক) কৃষ্ণসাগরে অবস্থিত দ্বীপ খ) নিরাময় অযোগ্য ব্যাধি
গ) অমীমাংসিত ভূখণ্ড ঘ) ভারতীয় সাবমেরিন

১০. কাশ্মীরের সর্বশেষ মহারাজা কে ছিলেন? (নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা- ০৪)
ক) গোপাল সিং খ) হরি সিং গ) কিরণ সিং ঘ) রণজিং সিং

১১. ক্রিমিয়া পূর্বে কোন দেশের অংশ ছিল? (বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন-২১)
ক) রাশিয়া খ) ইউক্রেন গ) পোল্যান্ড ঘ) লাটভিয়া

১২. নাগার্নো-কারাবাখ যুদ্ধের অবসানে কোন দেশ মধ্যস্থতা করে- (খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক-২১)
ক) উজবেকিস্তান খ) তুরস্ক গ) রাশিয়া ঘ) যুক্তরাষ্ট্র

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. ঘ | ২. খ | ৩. গ | ৪. ক | ৫. ঘ | ৬. ঘ | ৭. ক | ৮. খ |
| ৯. গ | ১০. খ | ১১. খ | ১২. গ | | | | |



Scanned with CamScanner

## কূটনৈতিক ও রাজনৈতিক পরিভাষা

### বাফার স্টেট

বাফার স্টেট হচ্ছে এমন সব দেশ, যেসব দেশ আয়তনে ছোট, কিন্তু দুটি দেশের মাঝে বিদ্যমান এবং দুই দেশের নিরপেক্ষ সীমা নির্দেশ করে। **বেলজিয়াম** (জার্মানি-ফ্রান্সের মাঝে), **নেপাল ও ভুটান** (ভারত-চীনের মাঝে) এবং **মঙ্গোলিয়া** (চীন-রাশিয়ার মাঝে) বাফার স্টেটের উদাহরণ।

### কল্যাণমূলক রাষ্ট্র

যে রাষ্ট্র জনগণের দৈনন্দিন ন্যূনতম চাহিদা পূরণের জন্য কল্যাণমূলক কাজ করে, তাকে কল্যাণমূলক রাষ্ট্র বলে। কল্যাণমূলক রাষ্ট্র সকলের জন্য সমান সুযোগ, সম্পদের সুষম বন্টন এবং জনগণের অংশগ্রহণের নীতির উপর ভিত্তি করে গড়ে ওঠে। উদাহরণস্বরূপ- **যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, সুইডেন, ইতালি, নরওয়ে** ইত্যাদি কল্যাণমূলক রাষ্ট্র। **অর্থনীতিবিদ উইলিয়াম বেভারিজকে** কল্যাণমূলক রাষ্ট্রের জনক বলা হয়।



### জিরোসাম গেম

Zero Sum Game হচ্ছে বিখ্যাত **'গেম থিওরি'র** একটা অংশ। এটা দিয়ে বোঝায় যেকোনো ক্ষেত্রে দুই বা ততোধিক পক্ষ কোনো নির্দিষ্ট জিনিস পেতে চাইলে, এক পক্ষ যে পরিমাণ সম্পদ অর্জন করবে, অন্য পক্ষ ঠিক সে পরিমাণ সম্পদ হারাবে। এতে নিট ফলাফল শূন্য হবে। আন্তর্জাতিক রাজনীতিতে এটি **'বাস্তববাদ'** তত্ত্বকে সমর্থন করে।

### পার্সোনা নন গ্রাটা

Persona non grata শব্দের আক্ষরিক অর্থ অবাঞ্ছিত বা অগ্রহণযোগ্য ব্যক্তি। কূটনীতিক পরিভাষায়- কোন দেশ তার দেশে অন্য কোনো দেশের কোন কূটনীতিককে যে কোন সময় কোন কারণ ছাড়াই অবাঞ্ছিত ঘোষণা করতে পারে। এমন কূটনীতিককে তখন Persona non grata বলে।

### অ্যাম্বাসেডর ও হাইকমিশনার

| | |
|---|---|
|  **জাতিসংঘভুক্ত রাষ্ট্রসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের অ্যাম্বাসেডর বলে।** |  **কমনওয়েলথভুক্ত দেশসমূহে অন্য কমনওয়েলথভুক্ত দেশের সর্বোচ্চ কূটনীতিককে হাইকমিশনার বলে।** |



Scanned with CamScanner

## আরো কিছু গুরুত্বপূর্ণ কূটনৈতিক ও রাজনৈতিক পরিভাষা


- **তৃতীয় বিশ্ব-** বিশ্বের উন্নয়নশীল দেশগুলোকে তৃতীয় বিশ্বের দেশ বলা হয়।
- **সাম্যবাদ-** সাম্যবাদ হল শ্রেণীহীন সমাজ ব্যবস্থা যেখানে ব্যক্তির জীবন ও কর্মধারা রাষ্ট্র কর্তৃক নিয়ন্ত্রিত হয়।
- **সাম্রাজ্যবাদ-** অপর রাষ্ট্র দখল করে শক্তি বৃদ্ধি ও সম্পদ বৃদ্ধি করার নাম সাম্রাজ্যবাদ
- **টাস্ক ফোর্স-** কোন দেশের স্থল, বিমান ও নৌবাহিনীর সম্মিলিত সৈন্যদল।
- **স্বৈরতন্ত্র-** সামরিক শাসক কর্তৃক পরিচালিত শাসন ব্যবস্থাই স্বৈরতন্ত্র।
- **অধ্যাদেশ-** জরুরি অবস্থা মোকাবেলা করার জন্য রাষ্ট্রের প্রধান কর্তৃক জারিকৃত আদেশ বা নির্দেশ।
- **ইমপিচমেন্ট-** (অভিশংসন) রাষ্ট্রের বিরুদ্ধে কোন অপরাধের জন্য রাষ্ট্র প্রধানের বিচার কার্য পরিচালনার জন্য গঠিত বিশেষ বিচার বিভাগ।
- **ফ্যাসিজম (ফ্যাসিবাদ)-** "জনগণের জন্য রাষ্ট্র নয়, রাষ্ট্রের জন্যই জনগণ" এর মূলকথা
- **মার্কসবাদ-** কার্ল মার্কস এর মতবাদ ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থা ভেঙ্গে শ্রেণীহীন সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা।
- **প্রোটোকল-** আন্তর্জাতিক সভা সমিতির কার্যবিবরণী সাধারণভাবে আন্তর্জাতিক দলিলপত্র বুঝায়।
- **ফিফথ কলাম (পঞ্চম বাহিনী)-** যে জনতা গোপনে নিজ সরকারের বিরুদ্ধে কাজ করে এবং শত্রুকে সাহায্য করে।
- **ফ্লোর ক্রসিং /ক্রস ভোটিং-** নিজ দলের পক্ষে ভোট না দিয়ে বিপক্ষ দলকে ভোট দেয়া।
- **ডোমিনিয়ান-** ব্রিটিশ শাসিত উপনিবেশ যেগুলো স্ব-শাসন করার মর্যাদা অর্জন করেছে সেগুলোই ডোমিনিয়ান দেশ।
- **ব্লাক স্যাট-** ইটালির সাবেক একনায়ক মুসোলিনির ফ্যাসিস্ট দল।
- **আমলাতন্ত্র-** আমলাদের দ্বারা পরিচালিত সরকার ব্যবস্থা যেখানে সরকারী কর্মচারীরা জনমতকে অগ্রাহ্য করে শাসনকার্য পরিচালনা করেন। এর প্রবক্তা ম্যাক্স ওয়েবার
- **উগ্র স্বদেশিকতা-** উগ্র স্বদেশিকতার বশবর্তী হয়ে মানুষ যখন অন্যান্য অঞ্চল/দেশের নাগরিকগণকে ঘৃণা করে সেটাই শোবিনিজম।
- **কোল্ড ওয়ার বা স্নায়ু যুদ্ধ-** দু'টি দেশের মধ্যে আপাতদৃষ্টে শান্তি বিরাজ করলেও বাস্তবে দু' দেশের ভিন্নমুখী অবস্থান গ্রহণ করা।
- **স্যাটেলাইট স্টেট-** প্রতিবেশী বৃহৎ এবং শক্তিশালী রাষ্ট্রে রাজনৈতিক বা অর্থনৈতিক প্রভাবাধীন অপেক্ষাকৃত দূর্বল রাষ্ট্র।
- **স্ট্র ভোট-** কোন বিষয়ে জনমত যাচাইয়ের উদ্দেশ্যে কোন ব্যক্তি বা সংস্থা কর্তৃক বেসরকারীভাবে গৃহীত ভোট।



Scanned with CamScanner

# বিশ্বের প্রাচীন সভ্যতা

## মেসোপটেমীয় সভ্যতা




বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা 'মেসোপটেমীয় সভ্যতা'। 'মেসোপটেমিয়া' একটি **গ্রিক শব্দ**। যার অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি। আনুমানিক খ্রিস্টপূর্ব ৫৫০০ অব্দে বর্তমান ইরাকের **টাইগ্রিস (দজলা)** ও **ইউফ্রেটিস (ফোরাত)** নদী দুটির মধ্যবর্তী অঞ্চলে মেসোপটেমীয় সভ্যতার বিকাশ ঘটে। বর্তমান সময়ের **ইরাক, ইরান, তুরস্ক ও সিরিয়া** রাষ্ট্রগুলো মেসোপটেমিয়া সভ্যতার অংশ ছিল। সভ্যতার আঁতুড়ঘর হিসেবে পরিচিত এই সভ্যতা চার চারটি অনন্য সভ্যতার জন্ম দিয়েছিলো। আর এই বিস্ময়কর মেসোপটেমীয় সভ্যতা মিশরীয় সভ্যতার থেকে অনেকটাই ভিন্ন ছিল।

### অবশ্যই জানতে হবে

- **বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা গড়ে উঠেছিল-** মেসোপটেমিয়ায়।
- **মেসোপটেমিয়া বলতে বর্তমান যে দেশকে বোঝায়-** ইরাক।
- **মেসোপটেমিয়া বর্তমান সময়ের যে অঞ্চল-** ইরাক, ইরান, তুরস্ক ও সিরিয়া।
- **'মেসোপটেমিয়া' অর্থ-** দুই নদীর মধ্যবর্তী ভূমি।
- **মেসোপটেমীয় সভ্যতা গড়ে ওঠে-** টাইগ্রিস (দজলা) ও ইউফ্রেটিস (ফোরাত) নদীর তীরে।
- **সেচ নির্ভর প্রাচীন সভ্যতা-** মেসোপটেমীয়।

**মেসোপটেমীয় সভ্যতার ৪ টি পর্যায় ছিল। যথা-**

| | |
|---|---|
| ১. সুমেরীয় সভ্যতা | ৩. অ্যাসেরীয় সভ্যতা |
| ২. ব্যাবিলনীয় সভ্যতা | ৪. ক্যালেডীয় সভ্যতা |

### সুমেরীয় সভ্যতা

- **সুমেরীয় সভ্যতা গড়ে উঠেছিল-** মেসোপটেমিয়ায়।
- **সভ্যতার সূত্রপাত হয় যে জাতিগোষ্ঠীর মাধ্যমে-** সুমেরীয়।
- **সভ্যতায় সুমেরীয়দের অবদান-** 'কিউনিফর্ম' লিখন পদ্ধতির উদ্ভাবন।
- **কিউনিফর্ম লিপিতে রচিত বিখ্যাত মহাকাব্য-** গিলগামেশ।
- **পাটিগণিতের গুণ পদ্ধতি আবিষ্কার করে-** সুমেরীয়রা।
- **'জিগুরাত' হলো-** সুমেরীয় ধর্ম মন্দির।
- **'টেম্পল টাউন' হলো-** সুমেরীয় দেবতার মন্দিরকে কেন্দ্র করে গড়ে ওঠা শহর।
- **যে সভ্যতায় প্রথম 'চাকা' এর ব্যবহার প্রচলন হয়-** সুমেরীয়।
- **পৃথিবীর প্রথম আইন রচিত হয় যা পরিচিত-** Code of Ur-Nammu নামে।

Scanned with CamScanner

## ব্যাবিলনীয় সভ্যতা

- ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি ছিলেন- অ্যামোরাইট নেতা হাম্মুরাবি।
- হাম্মুরাবি লিখিত আইন পরিচিত- 'Code of Hammurabi' নামে।
- ব্যাবিলনীয়দের আইন পরিচিত ছিল- 'হাম্মুরাবি আইন' নামে।
- ব্যাবিলনীয় সভ্যতার স্বর্ণযুগ বলা হয়- হাম্মুরাবির শাসনামলকে।
- পৃথিবীর প্রথম লিখিত আইনের প্রচলন হয়- ব্যাবিলনীয় সভ্যতায়।
- সর্বপ্রথম পঞ্জিকা প্রচলন হয়- ব্যাবিলনীয় সভ্যতায়।
- পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায়- ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে।
- ব্যাবিলনীয়দের প্রধান দেবতার নাম- মারডক।

## অ্যাসেরীয় সভ্যতা

- অবস্থান- টাইগ্রিস নদীর তীরে।
- যুদ্ধে সর্বপ্রথম লোহার অস্ত্র ব্যবহার- অ্যাসেরীয়রা।
- বৃত্তকে ৩৬০° তে ভাগ করে- অ্যাসেরীয়রা।
- পৃথিবীকে প্রথম অক্ষাংশ ও দ্রাঘিমাংশে ভাগ করে- অ্যাসেরীয়রা।
- পৃথিবীর ইতিহাসে অ্যাসেরীয় পরিচিত- সামরিক রাষ্ট্র হিসেবে।
- সামরিক রাষ্ট্র হিসেবে পরিচিত- গোলন্দাজ বাহিনী গঠনের কারণে।

## ক্যালেডীয় সভ্যতা

- ক্যালেডীয় সভ্যতা- ব্যাবিলন শহরকে কেন্দ্র করে গড়ে উঠে।
- ক্যালেডীয় সভ্যতার অপরনাম- 'নতুন ব্যাবিলনীয় সভ্যতা'।
- ক্যালেডীয় সভ্যতার স্থপতি ছিলেন- রাজা নেবুচাঁদনেজার।
- 'ব্যাবিলনের শূন্য/ঝুলন্ত উদ্যান' তৈরি করেন- রাজা নেবুচাঁদনেজার।
- সর্বপ্রথম সপ্তাহকে ৭ দিনে বিভক্ত করে- ক্যালেডীয়ারা।
- প্রতিদিনকে ১২ জোড়া ঘন্টায় বিভক্ত করে- ক্যালেডীয়ারা।
- ১২টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান- ক্যালেডীয়ারা; যা থেকে ১২টি রাশিচক্রের সৃষ্টি হয়।
- ক্যালেডীয়দের প্রধান দেবতার নাম- জুপিটার।
- ক্যালেডীয় সভ্যতার পতন ঘটে- পারস্যদের আক্রমণের মুখে।




**কিউনিফর্ম সুমেরীয়দের তৈরি বিশ্বের প্রাচীন লিপিগুলোর মধ্যে অন্যতম। এই লিপির আকৃতি ছোট্ট তীরের মতো হওয়ার কারণে 'কিউনিফর্ম' বা 'কীলক লিপি' বলা হয়।**



Scanned with CamScanner


# মিশরীয় সভ্যতা



প্রাচীন সভ্যতার লীলাভূমির দেশ মিশর। খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দে নীল নদের অববাহিকায় মিশরীয় সভ্যতার উন্মেষ ঘটে। সে সময় ভৌগোলিক দিক থেকে মিশর দক্ষিণাঞ্চল (উচ্চ মিশর) এবং উত্তরাঞ্চল (নিম্ন মিশর) এরূপ দুভাগে বিভক্ত ছিল। ৫০০০-৩২০০ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত সময়কালকে মিশরের ইতিহাসে প্রাক-রাজবংশীয় যুগ বলা হয়। খ্রিস্টপূর্ব ৩২০০ অব্দে **'মেনেস'** নামের এক রাজা উচ্চ ও নিম্ন মিশরকে একত্রিত করে **'মেম্ফিস'-**কে রাজধানী করে একটি রাষ্ট্র গড়ে তোলেন।

## অবশ্যই জানতে হবে

- **মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিল-** নীল নদের তীরে।
- **মিশরীয় সভ্যতার অর্থনীতি ছিল মূলত-** কৃষিনির্ভর।
- **নগর সভ্যতার সূচনা ঘটে-** মিশরে।
- **প্রাচীন মিশরের রাজাদের বলা হতো-** ফারাও।
- **উচ্চ ও নিম্ন মিশরকে একত্রিত করেন-** ফারাও মেনেস।
- **মিশরে প্রথম ফারাও এর মর্যাদা লাভ করেন-** মেনেস।
- **পৃথিবীর ইতিহাসে সর্বপ্রথম এক ইশ্বরের ধারণা দেন-** ফারাও ইখনাটন।
- **প্রাক-রাজবংশীয় যুগে মিশরের ছোট ছোট নগর রাষ্ট্রকে বলা হতো-** 'নোম'।
- **মিশরের সবচেয়ে বড় পিরামিড-** ফারাও খুফুর পিরামিড।
- **'মিশর নীল নদের দান' বলে অভিহিত করেন-** হেরোডোটাস।
- **মিশরীয়দের লিখন পদ্ধতির নাম-** 'হায়ারোগ্লিফিক' বা 'পবিত্র লিপি'।
- **মিশরীয়রা কাগজ তৈরি করত-** 'প্যাপিরাস' বা নলখাগড়া জাতীয় গাছের কান্ড থেকে।
- **মিশরের ফারাও রাজা তুতেনখামেনের সমাধি আবিষ্কৃত হয়-** ১৯২২ সালে।
- **১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস গণনা রীতি শুরু করে-** মিশরীয়রা।
- **ফারাওদের মৃতদেহ পচন থেকে রক্ষার জন্য মিশরীয়রা তৈরি করে-** 'মমি'।
- **প্রাচীনকালে রাজাদের দেহাবশেষ মমি করে রাখা হত-** পিরামিডে।



**মিশরের সর্বশ্রেষ্ঠ ভাস্কর্য গিজার অতুলনীয় 'স্ফিংস'।**



**মিশরীয়দের অক্ষরভিত্তিক চিত্রলিপি 'হায়ারোগ্লিফিক' বা 'পবিত্র লিপি'।**

# গ্রিক সভ্যতা



প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল নদীর বদলে সাগরতীরে। অর্ডিয়াটিক সাগর, ভূমধ্যসাগর ও এজিয়ান সাগর দ্বারা বেষ্টিত থাকার কারণে গ্রিক সভ্যতাকে **'ওসেনিয়ান'** বা **'সাগরীয়'** সভ্যতা বলা হয়। আধুনিককালে দেশটি গ্রিস এবং দেশের অধিবাসী ও তাদের ভাষা গ্রিক নামে পরিচিত। গ্রিক সভ্যতায় অনেকগুলো ছোট ছোট নগর রাষ্ট্র গড়ে উঠেছিল। এদের মধ্যে নেতৃস্থানীয় নগর রাষ্ট্র ছিল **স্পার্টা ও এথেন্স**।

**অবশ্যই জানতে হবে**


- **যে সভ্যতা নদীর তীরে গড়ে ওঠেনি-** গ্রিক সভ্যতা।
- **গণতন্ত্রের সূতিকাগার বলা হয়-** গ্রিসকে।
- **প্রাচীন গ্রিসে প্রথম গণতন্ত্রের সূচনা হয়-** এথেন্সে।
- **গ্রিসের সামরিক নগর রাষ্ট্র ছিল-** স্পার্টা।
- **গ্রিসের গণতান্ত্রিক নগর রাষ্ট্র ছিল-** এথেন্স।
- **সর্বপ্রথম পৃথিবীর মানচিত্র অংকন করে-** গ্রিকরা।
- **প্রাচীন গ্রিসের অন্ধ মহাকবির নাম-** হোমার।
- **'ইলিয়াড' ও 'ওডিসি' মহাকাব্যের রচয়িতা-** হোমার।
- **গ্রিসের শ্রেষ্ঠ নাট্যকার ছিলেন-** সফোক্লিস।
- **'রাজা ইডিপাস' ও 'ইলেক্ট্রা' নাটকের রচয়িতা-** সফোক্লিস।
- **ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী অবস্থিত-** তুরস্কে।
- **যার সময়কালকে গ্রিক সভ্যতার স্বর্ণযুগ বলা হয়-** পেরিক্লিসের সময়।
- **গ্রিক সভ্যতার সাথে জড়িত দুটি সংস্কৃতির নাম-** 'হেলেনিক' ও হেলেনিস্টিক'।
- **প্রধান শহর এথেন্সকে কেন্দ্র করে গড়ে উঠেছিল-** হেলেনিক সংস্কৃতি।
- **আলেকজান্ডারের নেতৃত্বে মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গড়ে উঠেছিল-** হেলেনিস্টিক সংস্কৃতি।

**গ্রিক দেবতা ও দেবী**

- **জিউস-** দেবতাদের রাজা।
- **হেরা-** জিউসের স্ত্রী।
- **এথেনা-** জিউসের কন্যা।
- **এপোলো-** সঙ্গীতের দেবতা।
- **আরটেমিস-** ফার্টিলিটির দেবী।
- **আফ্রোদিতি-** ভালোবাসা ও সৌন্দর্যের দেবী।



**'ব্লাইন্ড বার্ড' বা 'অন্ধ পাখি' খ্যাত প্রাচীন গ্রিসের মহাকবি হোমার।**




**মহাকবি হোমার রচিত মহাকাব্য 'ইলিয়াড' ও 'ওডিসি'।**



Scanned with CamScanner

# সিন্ধু সভ্যতা



ভারতবর্ষে সিন্ধু নদের অববাহিকায় একটি সভ্যতা গড়ে উঠেছিল যা সিন্ধু সভ্যতা নামে পরিচিত। এ সভ্যতাটি ছিল ব্রোঞ্জ যুগীয় সভ্যতা। সিন্ধু সভ্যতার শ্রেষ্ঠ দুটি শহর ছিল হরপ্পা ও মহেঞ্জোদারো। হরপ্পা শহরটি গড়ে উঠেছিল সিন্ধু নদের উপনদী 'রাভী নদী'র তীরে। সিন্ধু সভ্যতার সংস্কৃতিকে অনেক সময় বলা হয় **'হরপ্পা সংস্কৃতি'** বা **'হরপ্পা সভ্যতা'**। অপরদিকে মহেঞ্জোদারো শহরটি গড়ে উঠেছিল সিন্ধু নদের তীরে। সিন্ধু সভ্যতাটি **'শহর'** বা **'নগর'কেন্দ্রিক** ছিল বলে একে **'নগর সভ্যতা'** বলা হয়।

**অবশ্যই জানতে হবে**

- **উপমহাদেশের সবচেয়ে পুরাতন সিন্ধু সভ্যতা গড়ে উঠেছিল-** পাঞ্জাবের সিন্ধু নদের তীরে।
- **সিন্ধু সভ্যতার অপর নাম-** নগর সভ্যতা।
- **দক্ষিণ এশিয়ার প্রথম নগরায়ণ-** সিন্ধু নদের অববাহিকায়।
- **সিন্ধু সভ্যতা যে যুগের সভ্যতা-** তাম্র/ব্রোঞ্জ যুগের।
- **সিন্ধু সভ্যতা গড়ে তুলেছিল-** দ্রাবিড় জাতি।
- **সিন্ধু সভ্যতায় আবিষ্কৃত দুটি নগরের নাম-** হরপ্পা ও মহেঞ্জোদারো।
- **মহেঞ্জোদারো শব্দটির অর্থ-** মৃতের ঢিবি।
- **হরপ্পা অবস্থিত-** পাঞ্জাবের মন্টেগোমারি জেলায়।
- **মহেঞ্জোদারো অবস্থিত-** পাকিস্তানের লারকানা জেলায়।
- **সিন্ধু সভ্যতার অর্থনীতি ছিল-** কৃষিনির্ভর।
- **সিন্ধু সভ্যতার প্রধান বৈশিষ্ট্য ছিল-** পয়ঃনিষ্কাশন ব্যবস্থা।'
- **দৈর্ঘ্য পরিমাপের জন্য স্কেল ব্যবহার করত-** সিন্ধু সভ্যতার অধিবাসীরা।
- **দ্রব্যের ওজন পরিমাপ পদ্ধতির উদ্ভাবক-** সিন্ধু সভ্যতার অধিবাসীরা।
- **সিন্ধু সভ্যতায় নিদর্শন পাওয়া যায়-** পরিকল্পিত নগর ব্যবস্থায়।
- **সিন্ধু সভ্যতার সংস্কৃতিকে অনেক সময় বলা হয়-** 'হরপ্পা সংস্কৃতি' বা 'হরপ্পা সভ্যতা'।
- **সিন্ধু সভ্যতার সাথে মিল আছে-** সুমেরীয় সভ্যতার।
- **সিন্ধু সভ্যতা আবিষ্কৃত হয়-** ১৯২২ সালে।
- **সিন্ধু সভ্যতা আবিষ্কার করেন-** রাখালদাস বন্দোপাধ্যায়, স্যার জন মার্শাল, দয়ারাম সাহনী।





**রাখালদাস বন্দোপাধ্যায়**



**মহেঞ্জোদারো**





**হরপ্পা**

| অন্যান্য গুরুত্বপূর্ণ সভ্যতা | |
|---|---|
| <br>রোমান সভ্যতা | ◆ সভ্যতাটি গড়ে উঠেছিল- ইতালির টাইবার নদীর তীরে।<br>◆ সবচেয়ে বড় অবদান- আইনের ক্ষেত্রে।<br>◆ রোমানদের প্রধান দেবতার নাম- জুপিটার।<br>◆ রোমের সবচেয়ে খ্যাতিমান শাসক ছিলেন- জুলিয়াস সিজার।<br>◆ অক্টোভিয়াস সিজার নাম ধারণ করেন- অগাস্টাস সিজার।<br>◆ রোমানদের ভালোবাসার দেবী- ভেনাস।<br>◆ রোমাদের বিখ্যাত কবি ছিলেন- ভার্জিল।<br>◆ ভার্জিলের মহাকাব্যের নাম- ইনিড।<br>◆ রোমানদের ইতিহাসবিদ ছিলেন- ট্যাসিটাস।<br>◆ রোমান সভ্যতার নিদর্শন 'কলোসিয়াম' হলো- নাট্যশালা। |
| <br>চৈনিক সভ্যতা | ◆ সভ্যতাটি গড়ে উঠেছিল- হোয়াংহো (অন্য নাম পীত বা হলুদ) ও ইয়াংসিকিয়াং নদীর তীরে।<br>◆ চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন- লাওৎসে।<br>◆ চীনের রাজাদের বলা হতো- Son of God.<br>◆ চীনের সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন- কনফুসিয়াস।<br>◆ সান জু হলেন- প্রাচীন চীনের সমরনায়ক ও দার্শনিক।<br>◆ ঘুড়ির জন্ম হয়- প্রাচীন চীনে। |
| <br>হিব্রু সভ্যতা | ◆ হিব্রু সভ্যতা গড়ে উঠে- ফিলিস্তিনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে।<br>◆ 'হিব্রু' হলো- ভাষার নাম; যার অর্থ যাযাবর বা নিম্ন শ্রেণি।<br>◆ হিব্রুদের আদিবাস- আরব মরুভূমিতে।<br>◆ পৃথিবীর প্রাচীনতম ভাষা- হিব্রু।<br>◆ হিব্রু জাতি বর্তমানে বাস করে- ইসরাইলে।<br>◆ ঈশ্বরের আরাধনার কথা প্রথম প্রচার করে- হিব্রুরা।<br>◆ হিব্রুরা যে ধর্মাবলম্বী- ইহুদি।<br>◆ হিব্রুদের প্রথম ধর্মীয় নেতা- হযরত মুসা (আ.)।<br>◆ হযরত মুসা (আ.) হিব্রুদের নিয়ে আসেন- সিনাই উপদ্বীপে।<br>◆ হিব্রুদের সবচেয়ে বড় অবদান- ধর্মের ক্ষেত্রে। |



Scanned with CamScanner

| | |
|---|---|
| <br>পারস্য সভ্যতা | ◆ পারস্য সভ্যতার অপর নাম- একমেনিড সভ্যতা।<br>◆ প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল- ইরান।<br>◆ পারস্যের সবচেয়ে সফল শাসক- কাইরাস ও দারিয়ুস।<br>◆ পারসিক দিনপুঞ্জি তৈরি করেন- দারিয়ুস।<br>◆ পারস্যের ধর্মের নাম- জরাথুস্ট্রবাদ।<br>◆ 'জরাথুস্ট্র' ছিলেন- পারস্যের একজন ধর্মগুরু ও দার্শনিক।<br>◆ মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করতো- জরথুস্ত্র ধর্মাবলম্বীরা।<br>◆ 'আবেস্তা' হলো- জেন্দা ভাষায় রচিত পারসীয় ধর্মগ্রন্থ।<br>◆ সভ্যতায় পারস্যদের অবদান- ধর্ম সংস্কারে। |
| <br>ফিনিশীয় সভ্যতা | ◆ ফিনিশীয় সভ্যতা গড়ে উঠেছিল- লেবাননে।<br>◆ প্রথম বর্ণমালা উদ্ভাবন করে- ফিনিশীয়রা।<br>◆ ফিনিশীয়রা উদ্ভাবন করে- ২২টি ব্যঞ্জনবর্ণের।<br>◆ ফিনিশীয়দের সবচেয়ে বড় অবদান- বর্ণমালা উদ্ভাবন।<br>◆ ফিনিশীয় নাবিকরা রাতে জাহাজ চালাত- তারা দেখে। |
| <br>ইনকা সভ্যতা | ◆ ইনকা সভ্যতা গড়ে উঠেছিল- দক্ষিণ আমেরিকার পেরুতে।<br>◆ ইনকা সভ্যতার স্থপতি- মানকো কাপেন।<br>◆ ইনকা সভ্যতার নিদর্শন- মাচুপিচু।<br>◆ পানির সাহায্যে সেচ পদ্ধতি আবিষ্কার করে- ইনকারা।<br>◆ দক্ষিণ আমেরিকার সভ্যতাগুলোর সম্মিলিত নাম- আন্দীয় সভ্যতা।<br>◆ দ. আমেরিকার গুরুত্বপূর্ণ সভ্যতা- ইনকা সভ্যতা, চিমু সভ্যতা, মুইজকা সভ্যতা ও কারাল সভ্যতা। |
| <br>মায়া সভ্যতা | ◆ অবস্থান- মেক্সিকো এবং মধ্য আমেরিকা।<br>◆ মায়া সভ্যতার একটি বড় শহর ছিল- চিচেন ইৎজা।<br>◆ চিচেন ইৎজার অবস্থান- মেক্সিকোতে।<br>◆ অ্যাজটেক সভ্যতা গড়ে উঠেছিল- মেক্সিকো ও গুয়েতেমালাতে। |
| আকসুম সভ্যতা | ◆ অবস্থান- আফ্রিকার ইথিওপিয়া, ইরিত্রিয়া, সুদান ও এশিয়ার ইয়েমেনে।<br>◆ নগর ও বাণিজ্যকেন্দ্রিক সভ্যতাটি ২০১৯ সালে আবিষ্কৃত হয়। |



Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. মেসোপটেমিয়া সভ্যতার সাথে সম্পর্কিত দেশ- [DU খ' ২৪-২৫]
ক) তুরস্ক খ) ইরাক গ) সিরিয়া ঘ) মিশর

২. হায়ারোগ্লিফিক কোন প্রাচীন সভ্যতার লিখন পদ্ধতি? [DU খ' ২৪-২৫]
ক) পারসিক খ) ব্যাবিলনীয় গ) মিশরীয় ঘ) সুমেরীয়

৩. রোমান সভ্যতার স্থাপত্য নিদর্শন 'কলোসিয়াম' হলো- (DU খ' ২০-২১)
ক) খেলার মাঠ খ) নাট্যশালা
গ) বিশ্ববিদ্যালয় ঘ) উপাসনালয়

৪. হায়ারোগ্লিফিক যে সভ্যতার প্রাচীন লিখন পদ্ধতি– (DU খ' ১৮-১৯)
ক) মিশরীয় খ) সুমেরীয় গ) পারস্য ঘ) ব্যাবিলনীয়

৫. 'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' কোন দেশে অবস্থিত? (DU খ' ০০-০১; 10 BCS)
ক) ইরান খ) ইরাক গ) তুরস্ক ঘ) সিরিয়া

৬. মেক্সিকোকে কেন্দ্র করে গড়ে ওঠা একটি প্রাচীন সভ্যতার নাম- (DU খ' ১৬-১৭)
ক) আকসুম খ) আজটেক গ) ভাইকিং ঘ) মেসোপটেমীয়

### বি সি এস

৭. 'বার বিধি' (The Twelve Table) কী? (46 BCS)
ক) রোমান আইনের ভিত্তি খ) স্থাপত্যের ১২টি নির্দেশনা
গ) ফুটবল খেলার নিয়মাবলি ঘ) স্থায়ী/দেশি খেলা

৮. কোনটি প্রাচীন সভ্যতা? (45 BCS)
ক) গ্রিস খ) মেসোপটেমিয়া গ) রোম ঘ) সিন্ধু

৯. মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়- (43 BCS)
ক) উত্তর আমেরিকায় খ) দক্ষিণ আমেরিকায়
গ) মধ্য আফ্রিকায় ঘ) মধ্য আমেরিকায়

১০. ইনকা সভ্যতা কোন অঞ্চলে বিরাজমান ছিল? (41 BCS)
ক) দক্ষিণ আমেরিকা খ) আফ্রিকা গ) মধ্যপ্রাচ্য ঘ) ইউরোপ

### মেডিকেল ভর্তি পরীক্ষা

১১. নিম্নের কোন সভ্যতায় প্রতিদিনকে ১২ জোড়া ঘন্টায় বিভক্ত করা হয়? (MC' ১০-১১)
ক) ক্যালডীয় খ) পারস্য গ) রোমান ঘ) গ্রীক

১২. পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তিস্তম্ভ কী? (MC ০৩-০৪)
ক) পিরামিড খ) তাজমহল গ) আইফেল টাওয়ার ঘ) কুতুব মিনার

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

১৩. কোন সভ্যতার প্রথম 'চাকা' এর ব্যবহার প্রচলন হয়? (রাবি-ইতিহাস, ০৮-০৯)
ক) মিসরীয় খ) সুমেরীয় গ) ব্যাবিলনীয় ঘ) ক্যালেডীয়

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. গ | ৩. খ | ৪. ক | ৫. খ | ৬. খ | ৭. ক | ৮. খ |
| ৯. ঘ | ১০. ক | ১১. ক | ১২. ক | ১৩. খ | | | |



Scanned with CamScanner

১৪. **ব্যবিলন কোথায়?** (চবি-খ, ০৭-০৮/প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার, ৯৯)
ক) তুরস্কে খ) ইরাকে গ) মিসরে ঘ) স্পেনে

১৫. **আইন সংক্রান্ত হাম্মুরাবি কোড কোন সভ্যতার সময়ে প্রণীত হয়েছিল?** (চবি ই' ১৩-১৪)
ক) ব্যাবিলনীয় সভ্যতা খ) চৈনিক সভ্যতা
গ) গ্রীক সভ্যতা ঘ) ভারতীয় সভ্যতা

১৬. **ইতিহাসের প্রথম লিখিত আইন প্রণেতা কে?** (রাবি আইন, ০৫-০৬)
ক) জুলিয়াস সিজার খ) হাম্মুরাবি
গ) সম্রাট আলেকজান্ডার ঘ) এরিস্টটল

১৭. **প্রাচীন মিসরীয় সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল?** (সহকারী পরিচালক পাসপোর্ট এন্ড ইমিগ্রেশন, ০৩)
ক) ইউফ্রেটিস খ) সিন্ধু গ) নীল ঘ) হোয়াংহো

১৮. **স্ফিংস কোথায় অবস্থিত?** (রাবি-ভূগোল ও পরিবেশ, ০৫-০৬)
ক) মিসর খ) লিবিয়া গ) মরক্কো ঘ) ইতালি

১৯. **প্রাচীন মিসরীয়রা কোন বর্ণ দিয়ে তাদের ভাব প্রকাশ করতো?** (থানা শিক্ষা অফিসার, ৯৯)
ক) হায়ারোগিদ্বফিক খ) রগ্রোগিদ্বফিক
গ) নাম্রোগিদ্বফিক ঘ) ক্যারোগিদ্বফিক

২০. **'প্যাপিরাস' কোন সংস্কৃতির সাথে সম্পর্কিত?** (জাহবি-নৃবিজ্ঞান বিভাগ, ০৯-১০)
ক) ইতালীয় খ) চৈনিক গ) হরপ্পা ঘ) মিসরীয়দের

২১. **ক্লিওপেট্রা ছিলেন-** (রাবি-রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ০৪-০৫)
ক) মিশরের রাণী খ) গ্রীসের রাণী গ) তুরস্কের রাণী ঘ) রোমের রাণী

২২. **ভৌগোলিক ও সাংস্কৃতিক কারণেগ্রীক সভ্যতার সাথে যে দুটি সংস্কৃতির নাম জড়িত-** (চবি ঘ, ০২-০৩)
ক) হেলেনিক ও মিনায় খ) হেলেনিক ও হেলেনিস্টিক
গ) এচিয়ান ও হেলেনিস্টিক ঘ) মিনীয় ও এচিয়ান

২৩. **নদীমাতৃক সভ্যতা-** (শাবি-খ, ০৩-০৪)
ক) সিন্ধু খ) ব্যবিলনীয় গ) চৈনিক ঘ) সবগুলো

২৪. **সিন্ধু সভ্যতার অধিবাসীরা কোনটির ব্যবহার জানতো না?** (রাবি-ইতিহাস, ০৮-০৯)
ক) প্রশাসনিক ব্যবস্থা খ) জল নিষ্কাশন ব্যবস্থা
গ) লিখন পদ্ধতি ঘ) লোহার অস্ত্র

২৫. **কনফুসিয়াস নামটি কোন দেশের সাথে সম্পর্কযুক্ত?** (রাবি-ভূগোল ও পরিবেশ, ০৫-০৬)
ক) জাপান খ) চীন গ) থাইল্যান্ড ঘ) কোরিয়া

২৬. **কনফুসিয়াস কে ছিলেন?** (জবি ঘ, ০৯-১০)
ক) চীনা দার্শনিক খ) ভিয়েতনামের নেতা
গ) চীনের সম্রাট ঘ) মঙ্গোলীয় নেতা

২৭. **নিচের কোন সভ্যতার প্রধান দেবতা ছিলেন 'শাং তি'?**
ক) মিসরীয় খ) মেসোপটেমীয় গ) সিন্ধু ঘ) চৈনিক

২৮. **দক্ষিণ এশিয়ায় প্রথম নগর জীবনের উন্মেষ ঘটে-** (জাহবি C' ১৪-১৫)
ক) কাবেরি অববাহিকায় খ) গাঙ্গেয় অববাহিকায়
গ) মেঘনা অববাহিকায় ঘ) সিন্ধু অববাহিকায়

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৪. খ | ১৫. ক | ১৬. খ | ১৭. গ | ১৮. ক | ১৯. ক | ২০. ঘ | ২১. ক |
| ২২. খ | ২৩. ঘ | ২৪. ঘ | ২৫. খ | ২৬. ক | ২৭. ঘ | ২৮. ঘ | |



Scanned with CamScanner

# বিশ্বের আলোচিত বিপ্লব

**সতর্কতা!**

বিখ্যাত 'রুশ বিপ্লব' এবং 'ফরাসি বিপ্লবে'র আলোচনা দেশভিত্তিক করা হয়েছে। অর্থাৎ 'রুশ বিপ্লব' রাশিয়ার প্রেক্ষাপটে এবং 'ফরাসি বিপ্লব' ফ্রান্সের প্রেক্ষাপটের সাথে আলোচনা করা হয়েছে।

## রেনেসাঁ

রেনেসাঁ বলতে মধ্যযুগের পরে ও রিফর্মেশনের আগে বিশেষ করে ইতালিতে ও সাধারণভাবে গোটা ইউরোপের এক ঐতিহাসিক যুগকে বুঝায়। এ যুগের প্রধান বৈশিষ্ট্য ছিল প্রাচীন পুস্তক অধ্যয়নের অনুশীলন বৃদ্ধি করে চিত্রকলায় দৃষ্টিভঙ্গির ব্যবহার এবং বিজ্ঞানের সামগ্রিক উন্নতি। বর্তমানে রেনেঁসা বলতে অন্যান্য ঐতিহাসিক ও সাংস্কৃতিক পর্যায়কেও বোঝানো হয়। এ যুগের ব্যাপ্তিকাল ছিল আনুমানিক ১৪০০ থেকে ১৬০০ শতাব্দী পর্যন্ত।



রেনেসাঁর সূত্রপাতের নগরী ইতালির ফ্লোরেন্সে রেনেসাঁর অগ্রদূত লিওনার্দো দ্য ভিঞ্চির মূর্তি

### যেভাবে প্রশ্ন হতে পারে

- **রেনেসাঁ বলতে বুঝায়-** ইউরোপের সাংস্কৃতিক আন্দোলন
- **রেনেসাঁ (Renaissance) অর্থ-** পুনর্জাগরণ বা পুনর্জন্ম।
- **রেনেসাঁর সময়কাল-** ১৩০০-১৬০০ সাল।
- **রেনেসাঁ শুরু হয়-** ইতালির ফ্লোরেন্স নগরী থেকে।
- **রেনেসাঁর বরপুত্র-** নিকোলো ম্যাকিয়াভেলি।
- **রেনেসাঁর অগ্রদূত-** লিওনার্দো দ্য ভিঞ্চি।
- **রেনেসাঁর যুগের আবিষ্কার-** টাইপ মেশিন, মুদ্রণ যন্ত্র (গুটেনবার্গ)।
- **রেনেসাঁর ফলাফল-** ইউরোপের সাংস্কৃতিক ও জ্ঞান-বিজ্ঞানের নতুন যাত্রা যা ইউরোপকে বিশ্ব সভ্যতার নেতৃত্বে নিয়ে আসে।

**রেনেসাঁ যুগের চিত্রশিল্পী ও বিজ্ঞানী**

| চিত্রশিল্পী | বিজ্ঞানী |
|---|---|
| লিওনার্দো দ্য ভিঞ্চি | কোপার্নিকাস |
| মাইকেল অ্যাঞ্জেলা | গ্যালিলিও |
| রাফায়েল | |



Scanned with CamScanner